ISO 9001:2015 Certified

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
কালিকাপুর, পটুয়াখালী।

ফোনঃ ০২৪৭৮৮৮০৫২০ E-Mail: patuakhali.pbs@gmail.com WEB: pbs.patuakhali.gov.bd

স্মারকনং-২৭.১২.৭৮৯৫.৫৪০.০২.০০৮.২৩. ৪৬৩২

তারিখঃ ০২ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

"রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি"

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন আমতলী জোনাল অফিসের জন্য ০১ জন এবং বরগুনা জোনাল অফিসের জন্য ০১ জন রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলী:

০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২। প্রার্থীকে বাংলাদেশের যেকোন স্বীকৃত মেডিকেল কলেজ হতে এম.বি.বি.এস পাশ এবং বিএমডিসি হতে নিবন্ধিত ডাক্তার হতে হবে।

০৩। আবেদনকারীকে অবশ্যই সংশ্লিষ্ট অফিসের নিকটবর্তী স্থানে চাকুরী করতে হবে অথবা চেম্বার থাকতে হবে অথবা বসবাস করতে হবে, যাতে যে কোন প্রয়োজনে তাকে সকল সময়ে পাওয়া যায়।

০৪। আলোচ্য পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। যেকোন পক্ষ ০১ (এক) মাসের পূর্ব নোটিশ প্রদানের মাধ্যমে চুক্তির অবসান ঘটাতে পারবেন।

০৫। নিয়োগ প্রাপ্ত প্রত্যেক চিকিৎসককে সপ্তাহে ০২ (দুই) দিন সংশ্লিষ্ট জোনাল অফিস কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে ০১ (এক) ঘন্টা করে উপস্থিত থেকে স্ব স্ব অফিসের কর্মকর্তা/কর্মচারীদের এবং তাদের উপর নির্ভরশীল পরিবারের সদস্যদের চিকিৎসা সেবা প্রদান করতে হবে। উল্লেখ্য যে, অফিসে সাপ্তাহিক উপস্থিতির নির্ধারিত দিন ব্যতীত কোন কারণে প্রতিষ্ঠানে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী চিকিৎসার জন্য রিটেইনার ডাক্তারের চেম্বারে গেলে তাকে চিকিৎসা সেবা প্রদান করতে হবে।

০৬। দুর্ঘটনা বা যে কোন জরুরী প্রয়োজনে সমিতির ভৌগোলিক এলাকায় যে কোন স্থানে নিয়োগ প্রাপ্ত চিকিৎসককে যেতে হতে পারে এবং এজন্য তাকে প্রকৃত যাতায়াত ভাতা প্রদান করা হবে।

০৭। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদন সাপেক্ষে জোনাল অফিসের জন্য নির্বাচিত রিটেইনার ডাক্তার-কে (চুক্তিভিত্তিক) মাসিক সর্বোচ্চ ৮,০০০/- (আট হাজার) টাকা রিটেইনার ফি প্রদান করা হবে।

০৮। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে।

উপর্যুক্ত পদে নিয়োগ প্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণ সাদা কাগজে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সম্বলিত দরখাস্ত আগামী ৩০/০৩/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর বরাবরে পৌঁছাতে হবে।

(ক) দায়িত্ব পালনের জন্য চুক্তি বদ্ধ অফিসের নাম :

(খ) আবেদনকারীর নাম বাংলায় (স্পষ্টাক্ষরে) :

(গ) আবেদনকারীর নাম ইংরেজিতে (স্পষ্টাক্ষরে) :

(ঘ) পিতার নাম :

(ঙ) মাতার নাম :

(চ) বর্তমান ঠিকানা :

(ছ) স্থায়ী ঠিকানা :

(জ) শিক্ষাগত যোগ্যতা :

(ঝ) জন্ম তারিখ :

২ এর পাতায়-

(ঞ) জাতীয়তা :

(ট) বিএমডিসি'র সদস্য পদের সনদ নং :

(ঠ) অভিজ্ঞতা :

(ড) সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ন্যাশনাল আইডি কার্ড এর ফটোকপি এবং সাম্প্রতিককালে তোলা তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে।

(ঢ) বর্ণিত পদে নিয়োগ সংক্রান্ত বিষয়ে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(তুষার কান্তি মন্ডল)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, পবিস ব্যবস্থাপনা ও পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, পটুয়াখালী/বরগুনা।
০৫। পুলিশ সুপার, পটুয়াখালী/বরগুনা।
০৬। সিভিল সার্জন, পটুয়াখালী/বরগুনা।
০৭। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা আমতলী/বরগুনা।
০৮। ডিজিএম (আমতলী/বাউফল/গলাচিপা/কলাপাড়া/বরগুনা) জোনাল অফিস, পপবিস।
(নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)
০৯। অফিসার ইনচার্জ (দশমিনা/মির্জাগঞ্জ/কুয়াকাটা/রাঙ্গাবালী/বেতাগী/দুমকী) সাব-জোনাল অফিস. পপবিস।
১০। এজিএম (অর্থ-হিসাব) পপবিস।
১১। অফিস কপি/মাষ্টার কপি।

(তুষার কান্তি মন্ডল)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)